

## প্রেস বিজ্ঞপ্তি


### বোমায় আহত ফেনীর ম্যাজিস্ট্রেটকে ৫ লক্ষ টাকার চেক হস্তান্তর

ঢাকা, ২১/০১/২০১৫:

অবরোধে বোমা হামলায় গুরুতর আহত ফেনীর নির্বাহী ম্যাজিস্ট্রেট আব্দুল কাদির মিয়াকে প্রধানমন্ত্রী শেখ হাসিনার দেয়া ৫ লক্ষ টাকার চেক হস্তান্তর করা হয়েছে। গতকাল জনপ্রশাসন মন্ত্রণালয়ের সিনিয়র সচিব ড. কামাল আব্দুল নাসের চৌধুরী প্রধানমন্ত্রীর পক্ষে জাতীয় চক্ষু বিজ্ঞান ইনস্টিটিউটে এ চেক হস্তান্তর করেন। এ ছাড়া উন্নত চিকিৎসার জন্য আব্দুল কাদির মিয়াকে আজ ভারতের হায়দারাবাদে পাঠানো হচ্ছে।

গত ৯ জানুয়ারি ফেনী জেলায় কর্তব্যরত ম্যাজিস্ট্রেট আব্দুল কাদির মিয়া, রাশেদুর রহমান ও শিহাব উদ্দিন আহমদের ওপর বোমা হামলা করা হয়। এ সময় আব্দুল কাদির মিয়ার চোখ মারাত্মক ক্ষতিগ্রস্ত হয়।

চেক হস্তান্তরের সময় অন্যান্যের মধ্যে বিসিএস প্রশাসন একাডেমীর রেক্টর মোঃ সোহরাব হুসাইন এবং বিসিএস এ্যাডমিনিস্ট্রেটিভ এসোসিয়েশনের মহাসচিব মোঃ মোশাররফ হোসেন উপস্থিত ছিলেন।



মোঃ তৌহিদুল ইসলাম

সিনিয়র তথ্য অফিসার

জনপ্রশাসন মন্ত্রণালয়

মোবাইলঃ ০১৭১৮৫৪৩৬২৫